Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রাত লাইন প্রতি বার ।০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা

নগদ মূল্য /০ এক আনা।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

হাতে কাটা
বিশুদ্ধ পৈতা
পণ্ডিত-প্রেসে পাইবেন।

**চক্রবর্ত্তী সাইকেল ষ্টোর**

সাইকেল, টায়ার, টিউব, হাসাগ, গ্রামোফোন প্রভৃতি পার্টস্ বিক্রেতা ও মেরামতকারক। নির্দ্ধারিত সময়ে সাইকেল সরবরাহ করা হয়।

রঘুনাথগঞ্জ মেছুয়াবাজার (কদমতলা)

৪২শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১৫ই কার্ত্তিক বুধবার ১৩৬২ ইংরাজী 2nd Nov. 1955 { ২৪শ সংখ্যা




## নূতন বীমার কাজে

*বিপুল সাফল্য*

১৯৫৪ সালে

### ৩০ কোটি টাকার উপর

জাতীয় প্রতিষ্ঠানরূপেই **হিন্দুস্থানের** প্রতিষ্ঠা এবং গত ৪৮ বৎসর ধরিয়া জাতীয় প্রতিষ্ঠানরূপেই ইহা গড়িয়া উঠিয়াছে। আজ উচ্চ হইতে উচ্চতর স্থানে অধিষ্ঠিত হইয়া ইহা নূতন গৌরব অর্জন করিয়াছে এবং দেশ ও দশের সেবায় কর্মীদের ঐক্যবদ্ধ প্রচেষ্টায় এক মহৎ দৃষ্টান্ত স্থাপন করিয়াছে। এই সাফল্যের মূলে রহিয়াছে ত্রিবিধ নিরাপত্তার ভিত্তি :

★ *সুষ্ঠু ও সুচিন্তিত পরিচালনা ;*
★ *জনসাধারণের অবিচলিত আস্থা ;*
★ *লগ্নী ব্যাপারের নিরাপত্তা*

বোনাস { আজীবন বীমায় ১৭॥০
মেয়াদী বীমায় ১৫৲

প্রতি বৎসর প্রতি হাজার টাকার বীমায়।

**হিন্দুস্থান কো-অপারেটিভ**

ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড,

*হিন্দুস্থান বিল্ডিংস্*

৪, চিত্তরঞ্জন এাভেনিউ, কলিকাতা—

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

১৫ই কার্ত্তিক বুধবার সন ১৩৬২ সাল।

## বিজয়ার সাদর সম্ভাষণ

মহাপূজার অবকাশান্তে আমরা আমাদের গ্রাহক, পাঠক, বিজ্ঞাপনদাতা ও শুভানুধ্যায়ী জনগণের প্রত্যেককে মর্য্যাদানুসারে প্রণাম, নমস্কার ও শুভেচ্ছা জ্ঞাপন করিয়া কর্ম্মক্ষেত্রে অবতীর্ণ হইলাম।

---

# বল্ মা তারা—দাঁড়াই কোথা ?

দুর্গতিনাশিনী মা দুর্গা মাত্র তিন দিন থাকিয়া স্বস্থানে গমন করিলেন। আমরা স্বাধীন হওয়ার পর এবার লইয়া মায়ের নয় বার আসা হইল। সাত বার তো কন্ট্রোল কণ্টকে বিদ্ধ সন্তানগণ মায়ের নৈবেদ্যের আতপ সংগ্রহ করিতে কত যে কষ্ট পাইয়াছে তা মা সব জানেন। গত বৎসর যে মহাপ্রাণ খাদ্যমন্ত্রী রফি আহ্মদ কিদোয়াই তাঁহার সর্ব্বশক্তি প্রয়োগ করিয়া দেশবাসীদের চুরি না করিয়া চোর হওয়ার দায় হইতে এবং মানুষ হইয়া কঙ্কর গলাধঃকরণ করার দণ্ড হইতে নিষ্কৃতি দিয়া অল্পদিন পরেই এই পাপ ধরণী হইতে চিরতরে বিদায় লইয়াছেন। মা, আজ তোমার ভোগে, নৈবেদ্যে যে প্রস্তরচূর্ণ-বিহীন তণ্ডুল তোমার সন্তানগণ দিতে সক্ষম হইয়াছে তা সেই কোমল-হৃদয় মহাপ্রাণ মরহুম রফি আহ্মদ কিদোয়াই সাহেবের কৃপায়।

মা গো! সারা পশ্চিম বঙ্গে না হইলেও কলিকাতার সন্নিকটস্থ কয়েকটি অঞ্চলে এবার তোমার নৈবেদ্যের এক কদলী ছাড়া অন্যস্থান হইতে আমদানী ফল সমূহের উপর করভার দেওয়া হইয়াছে। সেই সকল অঞ্চলে ফল ছাড়া আবার ফুলের উপরও ট্যাক্স বসান হইয়াছে। মা, গঙ্গাজল, বিল্বপত্র, দূর্ব্বাদল এখনও করমুক্ত আছে।

মা অভয়া, তুমি তো আমাদের যে উপকরণ সংগ্রহে কষ্ট হয় তারই অনুকল্পে তোমার সপত্নী গঙ্গার জল পাইলেই যথেষ্ট মনে কর। আমরা যে দ্রব্য সংগ্রহ করিতে অপারগ হই তারই বদলে গঙ্গোদক দিয়া তোমার তুষ্টিবিধান করিয়া "ধনং দেহি, পুত্রং দেহি ইত্যাদি কত দেহি দেহি করিয়া তোমার কান ঝালাপালা করি। তুমি যে মা, ভিক্ষাজীবী-গৃহিণী, তা জানি, তবুও চাইতে কসুর করি না। তুমিও আমাদের প্রার্থিত সবই গঙ্গোদকেই প্রদান কর মা। এতদিনে সকলেই বুঝিতে পারিয়াছে—তোমার যে সমস্ত সঙ্গতিপন্ন জমিদার সন্তানগণ তোমার অর্চ্চনা করিয়া আসিতেছেন, তাঁহাদের ভূ-সম্পত্তি সবই যে গেল মা! তাঁহাদেরও প্রাপ্য কি ঐ গঙ্গোদক ছাড়া আর কিছু নয় আমাদের স্বাধীন ভারতের অদৃষ্টে কি আছে মা!

মহাত্মা গান্ধীর পুত্র শ্রীদেবদাস গান্ধী একখানি ইংরাজী দৈনিকের প্রধান সম্পাদক। কাগজখানির নাম "টাইমস্ অব ইণ্ডিয়া"। দিল্লী মহানগরী হইতে প্রকাশিত হয়। তাহাতে দেখিলাম—

The main charge that the Congress Party levelled against the British was that they were maintaining a top-heavy administration. The situation is ten times worse today. Indeed, unless the economic strength of the masses is quickly built up the whole administrative structure may collapse under its own weight.

বাংলা মর্ম্মার্থ :—কংগ্রেস দলের লোকেরা ইংরাজ সরকারের উপর দোষারোপ করিত যে তাহারা (ইংরাজরা) মাথাভারী (ব্যয়বহুল) আমলাতন্ত্র পোষণ করে বলিয়া। বর্ত্তমান সরকারের অবস্থা তাহাদের (ইংরাজদের) অপেক্ষা দশগুণ নিকৃষ্টতর। যদি সত্বর মিতব্যয়িতাযুক্ত আর্থিক অবস্থা গঠিত না হয় তাহা হইলে এই বিধান-কাঠামো আপনার ভারেই ভাঙ্গিয়া পড়িবে।

---

## পশ্চিম বঙ্গের একটি নির্ব্বাচন

পাকিস্থানের হিন্দু উদ্বাস্তু দলে দলে পশ্চিমবঙ্গে চলিয়া আসিতেছে। এই সময়ে পশ্চিম বঙ্গে মুসলমানগণ কি অবস্থায় আছেন তাহা সকলকে দেখিতে অনুরোধ করি—

নদীয়া জেলার কৃষ্ণনগর সদর মহকুমার অধীন কালীগঞ্জ থানার অন্তর্গত ৪নং হাটগাছা ইউনিয়ন বোর্ডের নূতন মেম্বর মহাশয়গণের নাম :—১। মহঃ রওসন আলি, ২। নেফাজুদ্দিন আহম্মদ, ৩। মহঃ বায়তুল্লা সেখ—১নং ওয়ার্ড। ৪। আবদুর রহিম মণ্ডল, ৫। হাজি মেহের আলি মণ্ডল, ৬। ইউসুপ আলি সেখ—২নং ওয়ার্ড। ৭। নকিবদ্দিন সেখ, ৮। মহঃ খোদাবক্স সেখ, ৯। মহঃ মোসলেম আলি সেখ—৩নং ওয়ার্ড।

---

## কাঞ্চনতলায় দুর্গোৎসব

পূর্ব্বের ন্যায় জমিদার বাবুদের বাড়ীর দুর্গা পূজা যথারীতি সম্পন্ন হইয়াছে।

এ বৎসর কাঞ্চনতলা হরিসভায় ও গান্ধী আশ্রমে দুর্গোৎসব সমারোহের সহিত সম্পন্ন হইয়াছে। উপরোক্ত দুই স্থানেই কলিকাতার বিখ্যাত গায়ক শ্রীবিজন ঘোষ মহাশয়ের মধুর সঙ্গীতে শ্রোতৃবৃন্দ বিশেষ আনন্দ উপভোগ করেন।

---

## গুরু নানক

(জন্ম—১০ই নভেম্বর)

শ্রীসু-মো-দে

জয়তু নানক জয়—<br>
প্রেম ঐক্য তোমার বাক্য<br>
গাহিলে জীবনময়।<br>
শুধু নও গুরু শিখের নায়ক<br>
ভারতের নেতা পূজ্য নানক,<br>
শান্তির তুমি ধারক বাহক<br>
পতিতের নির্ভয়।<br>
শ্রীচৈতন্য সমসাময়িক<br>
জনজীবনের শান্তি প্রতীক,<br>
তোমার গর্ব্ব বীরজাতি শিখ<br>
নির্ভীক দুর্জ্জয়,<br>
জাতির দরদী হে মহামানব<br>
পূজ্য ভারতময়।

---

## বিজয়ার কোলাকুলি

—•—

এসো, গুরুজন আছ যত,
হই সবাকার পদে নত,
লই শিরে তুলি পদধূলি,
করি বিজয়ার কোলাকুলি।

এসো, সমসাময়িক যারা,
এ যে বাঙলার চিরধারা,
এসো, মতভেদাভেদ ভুলি,
করি বিজয়ার কোলাকুলি।

এসো, স্নেহের পাত্র যত,
ছুটে কাছে এসো অবিরত,
স্নেহে বুকে লই সবে তুলি
করি বিজয়ার কোলাকুলি।

এসো লাট, এসো মন্ত্রী,
যত শাসন যন্ত্রে যন্ত্রী,
এসো কেরাণী, ঝাঁকা-কুলি
করি বিজয়ার কোলাকুলি।

এসো সৌখীন, এসো শিকারী,
এসো ধনবান, এসো ভিকারী
কাঁধে লইয়া ভিক্ষা-ঝুলি,
করি বিজয়ার কোলাকুলি।

এসো বিচারক, এসো শাসক
এসো কোতোয়াল, মহাত্রাসক,
এসো ফাঁসিয়ারা, এসো শূলী!
করি বিজয়ার কোলাকুলি।

এসো ডাকাইত, এসো তস্কর,
এসো জাহাজ-খালাসী নস্কর।
আজ ছোট বড় ভেদ ভুলি
করি বিজয়ার কোলাকুলি।

এসো কয়েদী, এসো পাহারা,
এসো যেখানে রয়েছ যাহারা
রয়েছি দু'হাত তুলি,
করি বিজয়ার কোলাকুলি।

———

## চাউলপটীর মোড়ের সাঁকো

জঙ্গিপুর মিউনিসিপ্যালিটীর ৫নং ওয়ার্ড রঘুনাথগঞ্জ চাউলপটীর সদর রাস্তার মোড়ের সাঁকোর সব ফাঁক 'ষ্টিলের সিট' ঢাকে না, এক পাশে ফাঁক থেকে যায়। দু'পাশের গাঁথনি দু'বার ভেঙ্গে গাঁথা সত্ত্বেও বিশেষ মজবুত হয়নি। সাঁকোর উপর দিয়ে মাল বোঝাই ট্রাক চলাচল করার সময় 'ষ্টিল সিট'খানি সশব্দে সরে যায় এবং এক পাশ বেঁকে উঁচু হ'য়ে পথিকগণের পা জখমের কারণ হয়। গত ৩১শে ভাদ্র রাত্রে এক ভদ্র মহিলা ঐ স্থানে পায়ে আঘাত পান। এ পথে অগণিত নরনারী, শিশু ও নানা রকমের যানবাহন চলাচল করে। এ প্রকার চালু পথের এ অবস্থা বাঞ্ছনীয় নহে। এ বিষয়ে আমরা বহুবার অনুযোগ করা সত্ত্বেও 'যে তিমিরে সেই তিমিরে'।

———

## পরলোক গমন

গত ২রা কার্ত্তিক বৃহস্পতিবার জঙ্গিপুর মিউনিসিপ্যাল অফিসের পিয়ন অনাদিনাথ গোস্বামী মহাশয় দুরারোগ্য পক্ষাঘাত রোগে ভুগিয়া পরলোক গমন করিয়াছেন। তিনি দীর্ঘ ৩৬ বৎসর কাল উক্ত অফিসে কার্য্য করিয়াছেন। আমরা তাঁহার আত্মার চিরশান্তি কামনা করিতেছি।

———

গত ৯ই কার্ত্তিক বৃহস্পতিবার বৈকালে জরুরের বিখ্যাত রায় পরিবারের স্বর্গীয় কুলদাপ্রসাদ রায় মহাশয়ের জ্যেষ্ঠ পুত্র ভুজঙ্গভূষণ রায় মহাশয় পরলোক গমন করিয়াছেন। তিনি তিন পুত্র, দুই কন্যা, বিধবা পত্নী ও বহু আত্মীয়স্বজন রাখিয়া গিয়াছেন। আমরা তাঁহার শোকসন্তপ্ত পরিজনবর্গের শোকে সমবেদনা জ্ঞাপন করিয়া পরলোকগত আত্মার মঙ্গল কামনা করিতেছি।

———

গত ১৩ই কার্ত্তিক সোমবার জঙ্গিপুরের কালীপ্রসন্ন চন্দ্র মহাশয় পরলোক গমন করিয়াছেন। তাঁহার বয়স ৭২ বৎসর হইয়াছিল। তিনি দুই কন্যা ও দৌহিত্র দৌহিত্রী রাখিয়া গিয়াছেন। আমরা তাঁহার পরলোকগত আত্মার শান্তি কামনা করিয়া পরিজনগণের শোকে সমবেদনা প্রকাশ করিতেছি।

———

GOVERNMENT OF WEST BENGAL
Office of the Collector of Murshidabad
Tanks Improvement Department.

## NOTICE.

—•—

Sealed Tenders are invited for re-excavation of 40 (forty) derelict irrigation tanks and will be received by the Tanks Improvement Officer, Murshidabad (Berhampore) up to 2-30 P.M. of 21.11.55.

2. Tenders should be submitted in prescribed form obtainable free from the office of the Tanks Improvement Officer, Murshidabad (Berhampore) and must be accompanied with a treasury chalan showing deposit of 5% of the tendered rates as earnest money and with income tax clearance certificate or a declaration made before a first class Magistrate stating that the tenderer had no taxable income within the last 3 years.

3. Detailed informations as regards the works may be seen at any time during office hours in the Tanks Improvement Office, Berhampore.


4. Tenders will be opened by the Tanks Improvement Officer, Murshidabad (Berhampore) at 3 P.M. on 21.11.55 before such contractors or their representatives as may be present.

5. The undersigned reserves the right of accepting the lowest or any tender without assigning any reason whatsoever.

Dated, Berhampore, The 19th October, 1955.

Sd/- A. L. Banerjee, for Collector, Murshidabad.

—•—




## দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম: "আর্ট ইউনিয়ন" টেলিফোন: বড়বাজার ৪১২

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি
সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়—




আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১॥০ টাকা ও মাশুলাদি ১/০ এক টাকা এক আনা।

সোল এজেণ্ট :—**ডাঃ ডি, ডি, হাজরা**

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

## অরবিন্দ এণ্ড কোং

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর ( মুর্শিদাবাদ

ঘড়ি, টর্চ, ফাউন্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্
এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত

## ভারতীয় শিল্পমেলার উদ্বোধন প্রসঙ্গে শ্রীনেহেরুর ভাষণ

নয়াদিল্লীতে ২৯শে অক্টোবর—ভারতীয় শিল্প-মেলার উদ্বোধন প্রসঙ্গে প্রধানমন্ত্রী শ্রীনেহেরু বলেন যে, যন্ত্রযুগে মানবজাতির কল্যাণসাধন যেন চরম লক্ষ্য হইয়া উঠে। যন্ত্র এবং বিভিন্ন বৈজ্ঞানিক আবিষ্কার আজ পৃথিবীতে প্রাচুর্য্যের এক বিরাট সম্ভাবনা আনিয়া দিয়াছে। বৃহৎ যন্ত্রের মধ্যে 'সু' 'কু' উভয় দিকই রহিয়াছে এবং এই উভয় দিকের মধ্যে ভারসাম্য স্থাপন করিয়া যন্ত্রকে শয়তানের প্রভাব হইতে মুক্ত রাখিতে হইবে।


স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত

## হ্যানিম্যান হল

### মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম হোমিও প্রতিষ্ঠান

এখানে হোমিওপ্যাথিক ও বাইওকেমিক ঔষধ বই, চশমা এবং ডাক্তারী সরঞ্জামাদি কলিকাতার দরে বিক্রয় হয়। আপনার প্রয়োজনীয় ঔষধ অন্যত্র ক্রয় করিবার পূর্ব্বে আমাদের সহিত পরামর্শ করিলে বুঝিতে পারিবেন তুলনায় কত সস্তা। ঔষধের বিশুদ্ধতা রক্ষা করা ও সুলভে ঔষধ সরবরাহ করাই আমাদের বৈশিষ্ট্য। আমাদের কোন ব্রাঞ্চ নাই।

**হ্যানিম্যান হল**
হোমিও কেমিষ্ট ও পাবলিশর
খাগড়া মুর্শিদাবাদ।


## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত
### নিলামের দিন ১৮ই নভেম্বর ১৯৫৫

১৯৫৪ সালের ডিক্রীজারী

৫৩৬ থাং ডিঃ সেবাইত শ্যামাচরণ নাথ দিং পক্ষে কমন ম্যানেজার যোগেশচন্দ্র সেন দেং অম্বালিকা দাসী দিং দাবি ৫১৮৶৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে বালিঘাটা ১৮ শতকের কাত ৪॥/৮ আঃ ১৮৲ খং ১৩৫ রায়ত মোকররী স্বত্ব

৫৮১ থাং ডিঃ রায় সুরেন্দ্রনারায়ণ সিংহ বাহাদুর দিং দেং ভাদুচন্দ্র দাস দাবি ৫৪॥৯ পাই থানা রঘুনাথগঞ্জ মৌজে জেঠিয়া ৫৩ শতকের কাত ১॥৶৫ আঃ ৫০৲ খং ১৭০

৬৬৯ থাং ডিঃ মুক্তিপদ চট্টোপাধ্যায় দিং দেং নজর সেখ দাবি ৫১।৵৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে রামদেবপুর ৫৩ শতকের কাত নিজাংশে ॥/৫ আঃ ৪৫৲ খং ২৯৫

৬৮২ থাং ডিঃ ঐ দেং মানহারি ঘোষ দিং দাবি ৫২/৯ মৌজাদি ঐ ১-৭৮ শতকের কাত নিজাংশে ২॥০ আঃ ২০০০৲ খং ৩৬৩

৬৮৩ থাং ডিঃ ঐ দেং মহাদেবচন্দ্র দাস দিং দাবি ১১২॥৶৬ থানা ঐ মৌজে মিঠিপুর ২-৪৫ শতকের কাত নিজাংশে ৩৮৶০ আঃ ২০০৲ খং ৬০৯/১

৭৩৯ থাং ডিঃ সেবাইত কুমারকৃষ্ণ ঘোষ দিং দেং রাজেন্দ্রনাথ সাহা দিং দাবি ৩২।০ থানা সুতী মৌজে উমরাপুর ১-৪০ শতকের কাত ৪৮/১১ আঃ ১০০৲ খং ৯৯৭

৬৩৫ থাং ডিঃ জনাব মরতুজা রেজা চৌধুরী দিং দেং ৺কুমার ইন্দ্রনারায়ণ সিংহের এষ্টেটের একজি-কিউটার কুমার জ্ঞানেন্দ্রনারায়ণ সিংহ দিং দাবি ১৭।৵০ থানা সুতী মৌজে খিদিরপুর ৮২ শতকের কাত ১৴৭ আঃ ৭৫৲ খং ২৬

৬৩৬ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৪৭৫৩ মৌজাদি ঐ ২৭৫ শতকের কাত ১০/১০ আঃ ১৯০৲ খং ৪০

১৯৫৫ সালের ডিক্রীজারী

১১৩ থাং ডিঃ পঙ্কজকুমার মুখোপাধ্যায় দিং দেং সুকুমার দত্ত দিং দাবি ৪৬৶০ থানা রঘুনাথগঞ্জ মৌজে কুলড়ী ২-৯৪ শতকের কাত ৭॥৪ আঃ ১৫০৲ খং ৩৬৭

২৩২ থাং ডিঃ সেবাইত ও স্বয়ং শ্রীপদ্মকামিনী দেবী দেং মৌলবী মহম্মদ হোসেন দাবি ১৫৵৩ থানা সুতী মৌজে বাহাগলপুর ৩৩ শতকের কাত ॥/১০ আঃ ৩৫৲ খং ৩৩৯

২৩৩ থাং ডিঃ ঐ দেং লক্ষ্মীনারায়ণ সাহা দিং দাবি ৫৯/৯ মৌজাদি ঐ ৭-৩১ শতকের কাত ৯৶৬ আঃ ২৫৲ খং ৫৯৭ ও ৫৯৮ রায়ত স্থিতিবান স্বত্ব

১১১ থাং ডিঃ সেবাইত কুমারকৃষ্ণ ঘোষ দিং দেং রাজেন্দ্রনাথ সাহা দাবি ৪২।/৩ পাই থানা সুতী মৌজে উমরাপুর ৩-৪৭ শতকের কাত ১০॥৶৬ আঃ ২৮০৲ খং ১১৮৬

৯৪ থাং ডিঃ নবকুমার সিংহ দুধোরিয়া দিং দেং রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দিং দাবি ২১২।৩ পাই থানা সুতী মৌজে বসন্তপুর ১৩-১০ শতকের কাত ৪০॥৵১০ আঃ ৮০০৲ খং ৫৬ রায়ত স্থিতিবান স্বত্ব

৯৫ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৬৯৶০ মৌজাদি ঐ ৪-৮৭ শতকের কাত ১৭৶১১ আঃ ৪৫০৲ খং ২৪৫ অধীনস্থ খং ২৪৬ হইতে ২৫০ ঐ স্বত্ব

২৪৭ থাং ডিঃ অর্দ্ধেন্দুশেখর নাথ দিং দেং ভক্তি-ভূষণ দাস দাবি ১৭॥৶৩ থানা সুতী মৌজে ফতে-উল্লাপুর ১/ বিঘার কাত নিজাংশে ।/৩॥ আঃ ২৫৲

৪৩ মনি ডিঃ সেবাইত ও স্বয়ং শ্যামাচরণ নাথ দিং দেং সেবাইত ও স্বয়ং গোবিন্দদাস নাথ দাবি ৮০৮৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে রঘুনাথগঞ্জ ব্যাস বাগিচা ৪ শতকের কাত ২৮০ তন্মধ্যে দেন্দারের ৳ অংশে ১৳ শতকের কাত হারাহারি মতে ৮৵৮ পাই তদুপরিস্থিত পোক্তা বাড়ী সহ নওয়া জিমা। আঃ ২৫৲ খং ৪০৬ অধীনস্থ খং ৪০৭ দখলকার স্বত্ব। ২নং লাট মৌজাদি ঐ ৩ শতকের কাত ৩৲ তন্মধ্যে দেন্দারের ৳ অংশে ১ শতকের কাত হারাহারি মতে ১৲ তদুপরিস্থিত পোক্তা বাড়ী সহ নওয়া জিমা। আঃ ২৫৲ খং ৪১০ ঐ স্বত্ব

৭ থাং ডিঃ অমানো বর্ম্মণ।। দেং শ্যামাপদ রায় দিং দাবি ৭১৮৵৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে নশিপুর ৬-৩৬ শতকের কাত ২৩/৫ আঃ ২০০৲ খং ২৩৬ রায়ত স্থিতিবান স্বত্ব অত্র মৌজা ভিন্ন কুতুবপুর মৌজার খং ১৫৭

১৩৪ থাং ডিঃ ঐ দেং রসুলমহম্মদ মণ্ডল দিং দাবি ৮৬/৩ মৌজাদি ঐ ৭-৪৩ শতকের কাত ২১॥/৩ আঃ ৬৫০৲ খং ৪২ ঐ স্বত্ব

১৬৬ থাং ডিঃ ঐ দেং বিভূতিভূষণ অধিকারী দিং দাবি ১২৩॥/৩ থানা ঐ মৌজে তেখরী ১১-৬৬ শতকের কাত ৪॥৵০ আঃ ৮৫০৲ খং ৭৮৮ ঐ স্বত্ব

২১৫ থাং ডিঃ সেবাইত রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দিং দেং মাওলাবক্স মণ্ডল দাবি ৩৩৶৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে গিরিয়া ২-০৯ শত-কের কাত ৬৲ আঃ ১৬০৲ খং ২৩৪

২১৭ থাং ডিঃ ঐ দেং ইসমাইল বিশ্বাস দিং দাবি ১৮৮৬ মৌজাদি ঐ ১-২০ শতকের কাত ২॥৩ আঃ ১০৫৲ খাং ৭৯১

২১৮ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৭।৵৬ মৌজাদি ঐ ৬৮ শতকের কাত ২৮৶১ মধ্যে নিজ জমা ১/৮ পাই আঃ ৫৫৲ খং ৩৯৭

১৯৩ থাং ডিঃ যোগেশচন্দ্র সিংহ নাঃ দিং দেং সুরেশচন্দ্র রায় দাবি ৫৮৵৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে পাঁচনপাড়া ১-৫৩ শতকের কাত ৯৲ আঃ ১১৫৲ খং ৪১৭ রায়ত স্থিতিবান।

২৫০ থাং ডিঃ শ্যামাপদ রায় দেং মোবারী সেখ দিং দাবি ৩৫॥৶০ থানা রঘুনাথগঞ্জ মৌজে জালালপুর ৪০ শতকের কাত ৯/১০ আঃ ১৫৲ থং ১৬৯, ১৭০, ১৭১ জোত স্বত্ব

২৫৭ থাং ডিঃ ঐ দেং বিষ্ণুপদ রায় দিং দাবি ২৯৷/০ থানা ঐ মৌজে রামপুরা ১২-১২ শতকের কাত ২৬৸৵০ আঃ ৮৫০৲ থং ১৯১ স্থিতিবান স্বত্ব

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত
## নিলামের দিন ২১শে নভেম্বর ১৯৫৫

১৯৫৫ সালের ডিক্রীজারী

২৪৫ থাং ডিঃ উমাচরণ দাস দিং দেং মুশলেম মণ্ডল দিং দাবি ৩৫৵০ থানা সাগরদীঘি মৌজে কান্তনগর ১৮৮ শতকের কাত ৫॥৵০ আঃ ১৪০৲ থং ৪১

২৪৬ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৭০৸০ মৌজাদি ঐ ৪-২০ শতকের কাত ১৪৻৯ আঃ ৩৫০৲ থং ৪২

২৪৭ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৫৸৵০ মৌজাদি ঐ ৯৪ শতকের কাত ৩৷৶৯ আঃ ৭৫৲ থং ৫০

২৪৯ থাং ডিঃ ঐ দেং গোলজান বিবি দাবি ১৭৸/০ থানা ঐ মৌজে গাদী ৪৮ শতকের কাত ২৻১০ পাই আঃ ৩৫৲ থং ৮

১২৩ থাং ডিঃ নির্ম্মলকুমার সিংহ নওলক্ষা দেং জগন্নাথ মণ্ডল দিং দাবি ২২৵০ থানা সাগরদীঘি মৌজে চণ্ডীগ্রাম রঘুনাথপুর ২-৯৭ শতকের সেস ১৻২ আঃ ১৫৲ থং ৪৯

১২৬ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২০৷৵৩ মৌজাদি ঐ ২-১৫ শতকের সেস ৸/৬ আঃ ১০৲ থং ৩৯০

১২৭ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৯॥৬ পাই মৌজাদি ঐ ৯৮ শতকের সেস ।৮ আঃ ১০৲ থং ১৭৭

১৬৭ থাং ডিঃ ঐ দেং যুগলমণি দাস্যা দিং দাবি ১৬৮৸৯ পাই মৌজাদি ঐ ৬-২৪ শতকের কাত ২৫৻৮ আঃ ২৮০৲ থং ৬৬৪

১৯৯ থাং ডিঃ নবকুমার সিংহ দুধোরিয়া দিং দেং রব্বান সেখ দাবি ৬০॥৶৩ থানা সাগরদীঘি মৌজে দক্ষিণগ্রাম ৫৫ শতকের কাত ৩॥/৩॥০ আঃ ৪০৲ থং রায়ত স্থিতিবান স্বত্ব

২০০ থাং ডিঃ ঐ দেং জিল্লার রহামান সেখ নাবালক পক্ষে অলি পিতা আবদুল অহাব সেখ দাবি ৮৩৷৵৩ থানা ঐ মৌজে গাঙ্গাড্ডা ৬-৩৪ শতকের কাত ১৫৲ আঃ ৬৬০৲ থং ৩৮৭ অধীনস্থ ৩৮৮

২০১ থাং ডিঃ ঐ দেং আইজাননেসা বিবি দাবি ১৭৶৯ মৌজাদি ঐ ১০ শতকের কাত ১৵০ আঃ ১৫৲ থং ৩৬২ রায়ত স্থিতিবান স্বত্ব

২০২ থাং ডিঃ ঐ দেং সীতেশচন্দ্র দত্ত দিং দাবি ১৩২৵৯ থানা ঐ মৌজে অনুপপুর ৩-৫১ শতকের কাত ২০৷৵৯ আঃ ২৭৫৲ থং ৫১ ঐ স্বত্ব

১৪০ থাং ডিঃ সেবাইত রামদাস আউলিয়া দেং মহবুল সেখ দিং দাবি ৪১/৭ পাই থানা সাগরদীঘি মৌজে পারদিয়াড় ১-৪৮ শতকের কাত ৬॥/০ আঃ ১২৮৲ থং ১১

১৪২ থাং ডিঃ রাণী রাধাকুমারী সাহেবা দিং দেং হৃষিকেশ পাঁড়ে দিং দাবি ২৪/৯ থানা সাগরদীঘি মৌজে সিংহেশ্বরী গৌরীপুর ৮৭ শতকের কাত ৩/৬ আঃ ৭০৲ থং ৪

১৪৩ থাং ডিঃ ঐ দেং কালু মহম্মদ সেখ দাবি ২৭৸৯ থানা ঐ মৌজে গঞ্জ সিংহেশ্বরী ৩-৩১ শতকের কাত ৮৵০ আঃ ২৫৮৲ থং ২

২০৪ থাং ডিঃ বিনয়ভূষণ চট্টোপাধ্যায় দিং দেং কৃষ্ণকিঙ্কর দে দিং দাবি ১৫৸/০ থানা সাগরদীঘি মৌজে বেলুড়িয়া ১০০ শতকের কাত ৪॥০ আঃ ১০০৲ থং ৪০৪ রায়ত স্থিতিবান স্বত্ব

২৮ থাং ডিঃ রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দিং দেং হামিদ সেখ দিং দাবি ২৬৷/৯ থানা সমসেরগঞ্জ মৌজে ধুসরীপাড়া ২৪ শতকের কাত ১৸৵০ আঃ ১০৲ থং ৭১৪

১৬০ থাং ডিঃ কামেশ্বরনাথ লালা দেং অক্ষয় কুমার রায় দিং দাবি ৫২৮৶০ থানা সাগরদীঘি মৌজে মোড়গ্রাম ২-১৬ শতকের কাত ১০৷/৭ পাই আঃ ১৫০৲ থং ১৩০

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত
## নিলামের দিন ১৯শে ডিসেম্বর ১৯৫৫

১৯৫৫ সালের ডিক্রীজারী

১৬১ থাং ডিঃ কামেশ্বরনাথ লালা দেং আশুতোষ চক্রবর্ত্তী দিং দাবি ৩০॥/৬ থানা সাগরদীঘি মৌজে খৈরটি ১-৪১ শতকের কাত ৬॥৭ পাই আঃ ১০০৲ থং ১১৬

২৪০ থাং ডিঃ সেঃ মহান্ত গণপতি দাস গোস্বামী দেং ফরমুজ সেখ দাবি ২৮॥৬ পাই থানা সাগরদীঘি মৌজে ভুঁইহাট ১-৮৬ শতকের কাত ৩৷/১০ আঃ ১২৫৲ থং ২৭২

১৬৬ থাং ডিঃ নেহালিয়া ট্রাষ্ট ষ্টেট দেং তারাপদ বন্দ্যোপাধ্যায় দিং দাবি ৬১৸/৩ পাই থানা সাগরদীঘি মৌজে চামুণ্ডা ৪-১৩ শতকের সেস ১৷৵৩ আঃ ৩৬০৲ থং ৭

১৮০ থাং ডিঃ রাণী জ্যোতির্ম্ময়ী দেবী দেং হাবিবর রহমান সেখ দিং দাবি ৮৭॥৵০ থানা ফরাক্কা মৌজে দোহিতপুর ৪০ শতকের কাত ১৬৲ আঃ ৪০৲ রায়ত স্থিতিবান থং ৩

১৮১ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৬৭/৩ পাই ৬৩ শতকের কাত ৩.৫ আঃ ৫০৲ রায়ত স্থিতিবান থং ১৩৪

২৬০ থাং ডিঃ সেবাইত রামচরণ দুবে দেং সামসুল হক বিশ্বাস ওরফে ভোলা মহাজন দাবি ১০৪.৪ পাই থানা সমসেরগঞ্জ মৌজে ফুলন্দর ৪-৮৬ শতকের কাত ১৬৸/৯ আঃ ৩৬০৲ রায়ত স্থিতিবান থং ৩

২২৪ থাং ডিঃ সুধীরেন্দ্রনাথ রায় দেং জাহিরুদ্দিন সেখ দিং দাবি ২৮৶/২ পাই থানা ফরাক্কা মৌজে থাপড়া ২/২৷০ কাঠার কাত ৩৵৭॥ গণ্ডা আঃ ১৫০৲ সেটেলমেণ্ট হয় নাই।

২২৫ থাং ডিঃ ঐ দেং রায়তুল্লা সেখ দিং দাবি ২২৷৶৭ পাই মৌজাদি ঐ ১৷২ কাঠার কাত ২/০ আঃ ৮০৲ সেটেলমেণ্ট হয় নাই।

২২৬ থাং ডিঃ ঐ দেং জানমহম্মদ সেখ দিং দাবি ৭৪৸/০ মৌজাদি ঐ ৯৸১ কাঠার কাত ১৫৻২ আঃ ৭৫০৲ সেটেলমেণ্ট হয় নাই।

২২৭ থাং ডিঃ ঐ দেং পাঁচু সেখ দাবি ৪৮৮৵৯ মৌজাদি ঐ ৫/.০॥০ বিঘার কাত ৮/৩ আঃ ৪০০৲ সেটেলমেণ্ট হয় নাই।

২২৮ থাং ডিঃ ঐ দেং শুকুদ্দি সেখ দিং দাবি ২৭৷/৯ পাই মৌজাদি ঐ ২/০ বিঘার কাত ৩/০ আঃ ৫০৲ সেটেলমেণ্ট হয় নাই।

২২৯ থাং ডিঃ ঐ দেং রূপলাল মণ্ডল দিং দাবি ৯৩৶/০ মৌজাদি ঐ ১১/১৸০ বিঘার কাত ১৬৮৵৬ আঃ ৮০০৲ সেটেলমেণ্ট হয় নাই।

---

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।